

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

ন্যাশনাল ফিশওয়ার্কস ফোরাম (NFF) অনুমোদিত

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং ২৩২১৯

পূর্ব মেদিনীপুর জেলার উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের দীর্ঘদিনের উপেক্ষিত দাবি-দাওয়া সম্পর্কে

স্মারকলিপি

কাঁথি, ২৮শে মে ২০১২

প্রতি –

শ্রী সুরজিত বাগ,
সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক)
মীন ভবন, কাঁথি
পূর্ব-মেদিনীপুর

বিষয়ঃ উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের দেড় বছর আগে পেশ করা দাবি-দাওয়া

মহাশয়,

আপনার স্মরণ থাকতে পারে যে বিগত ১৬ই নভেম্বর ২০১০ পূর্ব-মেদিনীপুর জেলার উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের পক্ষ থেকে একটি স্মারকলিপি কাঁথিস্থিত সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক)-এর দপ্তরে জমা দেয়া হয় (স্মারকলিপির কপি সংযোজিত করা হল) এবং তারপর তৎকালীন সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক) শ্রী কিরণ লাল দাস মহাশয় ও আপনার সাথে ন্যাশনাল ফিশওয়ার্কস ফোরাম (এন.এফ.এফ.)-এর সর্বভারতীয় সম্পাদক শ্রী প্রদীপ চ্যাটার্জী মহাশয়ের উপস্থিতিতে উক্ত স্মারকলিপিতে উল্লিখিত প্রতিটি দাবি-দাওয়ার উপর বিস্তারিত আলোচনা হয়। আপনারা দাবিদাওয়াগুলির যৌক্তিকতা স্বীকার করেন এবং দপ্তরের পক্ষ থেকে কিছু দাবি-দাওয়া পূরণে অবিলম্বে নির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার ও অন্য দাবিগুলির বিষয়ে যথাসাধ্য সহায়তা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। ভেণ্ডর ইউনিয়নের পক্ষ থেকে আলোচনার সারমর্ম লিপিবদ্ধ করে একটি নোট ২২.১১.২০১০ তারিখে আপনার দপ্তরে জমা দেওয়া হয় (নোটটির কপি সংযোজিত হল)।

আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি যে, তারপর থেকে দেড় বছর অতিক্রান্ত। এই দেড় বছরে আমরা ইউনিয়নের পক্ষ থেকে বার বার আপনার সঙ্গে সাক্ষাত করেছি, আদর্শ আবাসন প্রকল্পের জন্য আপনার কথামত তালিকা জমা দিয়েছি (কপি সংযোজিত হল), বাজার সংস্কার ও অন্যান্য দাবি-দাওয়া নিয়ে কথা বলেছি, কিন্তু আজ পর্যন্ত একটি বিষয়েও আপনি প্রতিশ্রুতিমত পদক্ষেপ নেননি বা নিয়ে থাকলেও আমাদের জানান নি।

RECEIVED
Not Verified

&

Office of the Asstt Director of Fisheries
Marine Contai, Purba Medinipur

মহাশয়, আমরা গরীব মৎস্য ভেণ্ডর। সরকারী প্রকল্পের সহায়তা পাওয়াটা আমাদের ভিক্ষা নয় অধিকার। সরকারী কর্মচারী ও আধিকারিকদের কাছ থেকে আমরা অবহেলা নয় সহানুভূতি এবং নিশ্চেষ্টতা নয় সচেষ্টিতা আশা করি। মৎস্য দপ্তর আমাদের মত গরীব ও ক্ষুদ্র মৎস্য ভেণ্ডরদের স্বার্থ রক্ষায় দায়বদ্ধ।


এই পরিপ্রেক্ষিতে আপনার কাছে আমাদের দাবি –


ক. পূর্ব-মেদিনীপুর জেলার উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়নের দেড় বছর আগে পেশ করা দাবি-দাওয়া গুলি সম্পর্কে আপনার দপ্তর আজ পর্যন্ত কী কী ব্যবস্থা নিয়েছে এবং না নিলে কেন নেয় নি তা অবিলম্বে লিখিতভাবে জানাতে হবে।


খ. অবিলম্বে ইউনিয়নের পেশ করা দাবিপত্র অনুযায়ী উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের জন্য সরকারী পরিচয়পত্র, আবাসন প্রকল্প, স্বল্প সুদে মূলধন, ভর্তুকি দিয়ে মাছ পরিবহনের জন্য সাইকেল ও মাছ ঠান্ডা রাখার বাস্কের ব্যবস্থা করতে হবে। এছাড়া মৎস্য ভেণ্ডরদের জন্য জীবন ও স্বাস্থ্য বিমার ব্যবস্থা করতে হবে।


আগামী ১৫ দিনের মধ্যে আপনি / আপনার দপ্তর এই বিষয়ে কার্যকরী ব্যবস্থা না নিলে আমরা অনোন্যপায় হয়ে বৃহত্তর আন্দোলনের পথে যেতে বাধ্য হব।

নমস্কারান্তে,


President,
Medinipur (E), Dist. Fishworkers' Vendor's Union.
নির্মলেন্দু দাস
সভাপতি
মোবাইল নং - ৮১৪৫১৫৩৩৯৬


Secretary,
Medinipur (E), Dist. Fishworkers' Vendor's Union.
অচিন্ত্য প্রামানিক
সম্পাদক
মোবাইল নং - ৯৮০০৭৭৭৪৫৮


Medinipur (E), Dist. Fishworkers' Vendor's Union.
সুজয় জানা
কার্যালয় সম্পাদক
মোবাইল নং - ৯৭৩৩৮৪৪১৫১



অফিস যোগাযোগ - ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড